# জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০২তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি । |
| সভার তারিখ ও সময় | : | ৩০ সেপ্টেম্বর ২০২১, সকাল ১০.৩০ টা। |
| সভার স্থান | : | ০১ (এক) নং সম্মেলন কক্ষ, বিএআরসি, ফার্মগেট, ঢাকা । |
| সভায় উপস্থিতির তালিকা | : | "পরিশিষ্ট-ক" দ্রষ্টব্য (সরাসরি ও ভার্চুয়াল) । |

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে আলোচ্য সূচী অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরকে অনুরোধ জানান। জনাব আবদুর রাজ্জাক, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর ও সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে আলোচ্য সূচী অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপন করেন ।

**আলোচ্য বিষয় ১: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০১তম ভার্চুয়াল সভার কার্যবিবরণী অনুমোদন ।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর ১০১তম ভার্চুয়াল সভা ২৫মে, ২০২১ রোজ মঙ্গলবার সকাল ১০.০০ টায় ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর সভাপতিত্বে বিএআরসি'র ০১ নং সম্মেলন কক্ষে Zoom Cloud Meeting Platform এ (সরাসরি ও ভার্চুয়াল) অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী বীজ প্রত্যয়ন এজেন্সী'র ১৫ জুন, ২০২১খ্রি: তারিখের ১২.০৪.০০০০.০১০.০৭.০০১.২০.৩৮ সংখ্যক স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যের নিকট বিতরণ করা হয়। এ বিষয়ে অদ্যাবধি কোন লিখিত মতামত পাওয়া যায়নি এবং অদ্যকার সভায় কোন আপত্তি উত্থাপিত না হওয়ায় কার্যবিবরণীটি **অনুমোদনের** সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত : জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০১তম সভার ভার্চুয়াল কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো ।**

**আলোচ্য বিষয় ২:**

**(ক) ২০২০-২১ বোরো মৌসুমের হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ।**

২০২০-২১/বোরো মৌসুমে ২৯টি সরকারি/বেসরকারি বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান হাইব্রিড ট্রায়াল বাস্তবায়নের জন্য মোট ৪৯টি হাইব্রিড জাতের বীজ জমা প্রদান করেছেন যা নিম্নবর্ণিত ছকে প্রদর্শন করা হল ।

**১ম বর্ষ- মোট ৩১টি**

| Sl. No. | Seed Institute/Company | Variety Name | Source | Remarks |
|---|---|---|---|---|
| 1. | Ispahani Agro ltd. | Ispahani-12 (1703) | China | 1st yr |
| 2. | Farmers Seed Company Ltd | Farmers Hybrid dhan1 (Xiangyou-98) | China | 1st yr |
| 3. | Bangladesh Rice Research Institute | BRRI Hybrid dhan8 | Bangladesh | 1st yr |
| 4. | Amin Agro Services | MAHA GOLD-786 | India | 1st yr |
| 5. | Yes Agro Science | SHAHI-1 | India | 1st yr |
| 6. | Aus-Bangla agro | Aus-bangla Hybrid dhan2 | China | 1st yr |
| 7. | Aus-Bangla agro | Aus-bangla Hybrid dhan3 | Bangladesh | 1st yr |
| 8. | Growtech Agro | FL2002 | China | 1st yr |

| Sl. No. | Seed Institute/Company | Variety Name | Source | Remarks |
|---|---|---|---|---|
| 9. | 3s Agro Services ltd | MUKTA (C UU DA HE SO 1) | China | 1st yr |
| 10. | 3s Agro Services ltd | Nobab (C UU 2009) | China | 1st yr |
| 11. | BRAC | BRAC Hybrid dhan21 (Shakti6) | Bangladesh | 1st yr |
| 12. | American Advanced Agro | Dumketo 04 (FD-01) | China | 1st yr |
| 13. | American Advanced Agro | Ulka 03 (FD-02) | China | 1st yr |
| 14. | Mahyco Bangladesh (Pvt.) | MRP-5434 | India | 1st yr |
| 15. | Lalteer Seed Ltd. | Lalteer Hybrid dhan5 ( LTHD-5) | Bangladesh | 1st yr |
| 16. | Lalteer Seed Ltd. | Lalteer Hybrid dhan6 ( LTHD-6)/Fengda-373) | China | 1st yr |
| 17. | North South Seed Limited | North South Hybrid dhan6 (NSSL-6/HJ-2001) | China | 1st yr |
| 18. | North South Limited | North South Hybrid dhan7 (NSSL-7/HJ-2002) | China | 1st yr |
| 19. | Tinpata Quqlity Seed Bangladesh Ltd | Tinpata Hybrid dhan6 (FL-1922) | China | 1st yr |
| 20. | Tinpata Quqlity Seed Bangladesh Ltd | Tinpata Hybrid dhan7 (FL-1928) | China | 1st yr |
| 21. | Khan Agricultural Products Limited | Khan Hybrid dhan1 (BP-631) | China | 1st yr |
| 22. | Khan Agricultural Products Limited | Khan hybrid dhan2 (Fengda-306) | China | 1st yr |
| 23. | DuPont Bangladesh Ltd | 27P34 | India | 1st yr |
| 24. | DuPont Bangladesh Ltd | 28P54 | India | 1st yr |
| 25. | Syngenta Bangladesh Ltd | Syngenta S-1207 (NK-17508) | India | 1st yr |
| 26. | Sugandha Agri Industries | Sugandha-2 (AF-002) | China | 1st yr |
| 27. | Supreme seed Company | Supreme Hybrid dhan18 (Hira 18) PAN 8385) | India | 1st yr |
| 28. | ACI Formulations Limited | ACI Formulation Hybrid dhan5 (NASH 239) | Bangladesh | 1st yr |
| 29. | ACI Formulations Limited | ACI Formulation Hybrid dhan6 (ACI 2019) | China | 1st yr |
| 30. | ACI Agrolink Limited | ACI Agrolink Hybrid dhan2 (Q58) | China | 1st yr |
| 31. | Syngenta Bangladesh Ltd | Syngenta S-1208 (Syngenta ND 975) | India | 1st yr |

২য় বর্ষ- মোট ১৮টি

| Sl | Seed Institute/Company | Variety Name | Source | Remarks |
|---|---|---|---|---|
| 1. | Ispahani Agro ltd. | Ispahani Hybrid dhan11 (BP-606) | China | 2nd yr |
| 2. | ACI Limited | ACI Hybrid dhan12 (GA1702) | China | 2nd yr |
| 3. | ACI Limited | ACI Hybrid dhan13 (FL 1849) | China | 2nd yr |
| 4. | Supreme Seed Co.Ltd | Supreme Hybrid dhan17 (Hira TJ004) | China | 2nd yr |
| 5. | Mitali Agro Seed Industries | Mitali Agro Hybrid dhan7 (SUBORNO-TJ005) | China | 2nd yr |
| 6. | Winall Hi Tech Seed Co.bd. ltd. | Winall Hi Tech Hybrid dhan10 (Win-902) | China | 2nd yr |
| 7. | Winall Hi Tech Seed Co.bd. ltd. | Winall Hi Tech Hybrid dhan11 (Win-903) | China | 2nd yr |
| 8. | Suruvi Agro Industries Ltd | Suruvi Hybrid dhan2 (Suruvi-2, SHD-1392) | Bangladesh | 2nd yr |
| 9. | Mahyco Bangladesh (Pvt.) Ltd. | Mahyco Hybrid dhan6 (MRP5401) | India | 2nd yr |
| 10. | ACI Agrolink Ltd. | ACI Agrolink Hybrid dhan1 (INDAM 300-005) | India | 2nd yr |
| 11. | Aftab Bahumukhi Farm ltd. | Aftab Hybrid dhan1 (RC-01) | India | 2nd yr |
| 12. | Aftab Bahumukhi Farm ltd. | Aftab Hybrid dhan2 (RC-05) | India | 2nd yr |
| 13. | BRAC | BRAC Hybrid dhan19 (Shakti5) | Bangladesh | 2nd yr |
| 14. | Naafco (pvt) ltd. | Naafco Hybrid dhan3 (Qyou-2) | China | 2nd yr |
| 15. | Naafco (pvt) ltd. | Naafco Hybrid dhan4 (Qyou-5) | China | 2nd yr |
| 16. | Corbel International Ltd | Corbel Hybrid dhan1 (HCI-1901) | China | 2nd yr |
| 17. | Mitali Enterprise | Mitali Hybrid dhan6 (RAJDHAN 2) | India | 2nd yr |
| 18. | Mitali Enterprise | Mitali Hybrid dhan5 (RAJDHAN 1) | India | 2nd yr |

উক্ত ৪৯টি হাইব্রিড জাতের সাথে ২টি চেক জাতসহ ২টি সেটে ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। ২টি সেটে (কোড নং H-1450 থেকে H-1500) মোট ৫১টি লাইন বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের ফলাফল কোড ভিত্তিক তৈরী পূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবরে প্রেরণ করেন। জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০২তম সভায় উল্লিখিত হাইব্রিড জাতসমূহের কোড উন্মুক্ত করা হয় এবং উক্ত মাঠ মূল্যায়নের কোড ভিত্তিক ফলাফল Computerised Mean Performance এর ভিত্তিতে Compilation পূর্বক পর্যালোচনার জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হয়।

দ্বিতীয় বর্ষে ট্রায়ালকৃত ১৮টি জাতের ফলাফল পর্যালোচনায় দেখা যায়, ১০টি জাত ৩টির অধিক স্থানে অনস্টেশন ও অনফার্মে চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ হতে ৫% হেটারোসিস বেশী হওয়ায় সারাদেশে এবং ৩টি জাত ৩টি স্থানে চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ হতে ৫% হেটারোসিস বেশী হওয়ায় অঞ্চলভিত্তিক চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হয়েছে।

| | |
|---|---|
| ২.১ | এসিআই লিমিটেড প্রস্তাবিত চীন হতে আমদানীকৃত ACI Hybrid dhan12 (GA1702) জাতটি এসিআই হাইব্রিড ধান১২ (GA1702)" হিসেবে চট্টগ্রাম, খুলনা,রাজশাহী, রংপুর ও বরিশাল এই ৫টি অঞ্চলে পাশ করায় সারা দেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল । ০৫ (পাঁচ) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (Heterosis)শতকরা ১০.৭৬, ১১.৫৮, ১২.৬৮, ২২.২৭, ৯.০২ ও ৬.৭৮, ৮.৮৭,১২.৬৯, ২৪.৮৩, ১১.৪০ ভাগ বেশি। প্রস্তাবিত এসিআই হাইব্রিড ধান১২ (GA1702) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৮.১৪ টন/হে. ও গড় জীবনকাল দিন ১৪৪ এবং চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ এর গড় ফলন ৭.৪৭ টন/হে. ও গড় জীবনকাল ১৪৪ দিন। |
| ২.২ | এসিআই লিমিটেড প্রস্তাবিত চীন হতে আমদানীকৃত ACI Hybrid dhan13 (FL 1849) জাতটি এসিআই হাইব্রিড ধান১৩ (FL 1849) হিসেবে চট্টগ্রাম, খুলনা,রাজশাহী, রংপুর ও বরিশাল এই ৫টি অঞ্চলে পাশ করায় সারা দেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল । ০৫ (পাঁচ) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (Heterosis)শতকরা ৩০.৫৩, ১৮.৪৮, ১১.৮৮, ৯.২৪, ৭.৫৪ ও ৩২.১৬, ১৪.০৯, ৮.৮৭, ৭.৫৪, ৯.৭৯ ভাগ বেশি। প্রস্তাবিত এসিআই হাইব্রিড ধান১৩ (FL 1849) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৮.১৬ টন/হে. ও গড় জীবনকাল ১৪৪ দিন এবং চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ এর গড় ফলন ৭.৪৭ টন/হে. ও গড় জীবনকাল ১৪৪দিন। |
| ২.৩ | ব্র্যাক প্রস্তাবিত নিজস্ব উদ্ভাবিত BRAC Hybrid dhan19 (Shakti5) জাতটি ব্র্যাক হাইব্রিড ধান১৯ (Shakti5) হিসেবে চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, রংপুর ও বরিশাল এই ৫টি অঞ্চলে পাশ করায় সারা দেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল । ০৫ (পাঁচ) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (Heterosis) শতকরা ২৩.৪৬, ১৭.৮৩, ১৬.৫০, ১৩.০০, ১২.০৭ ও ২৩.৯৫, ১৭.৫২, ১২.২৮, ১৬.৪২, ১২.৮৪ ভাগ বেশি। প্রস্তাবিত ব্র্যাক হাইব্রিড ধান১৯ (Shakti5) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৮.৬৩ টন/হে. ও গড় জীবনকাল দিন ১৪৫ এবং চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ **এর** গড় ফলন ৭.৭২ টন/হে. ও গড় জীবনকাল ১৪৩ দিন। |
| ২.৪ | ইস্পাহানি এগ্রো লিমিটেড প্রস্তাবিত চীন হতে আমদানীকৃত Ispahani Hybrid dhan11 (BP-606) জাতটি ইস্পাহানি হাইব্রিড ধান১১ (BP-606) হিসেবে চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল এই ৪টি অঞ্চলে পাশ করায় সারা দেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল । ০৪ (চার) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (Heterosis) শতকরা ১৬.৬০, ১২.৮৮, ৯.৪৮, ১০.৫৯ ও ১৫.৬৪, ৮.৩০,১৫.৩৫, ১২.২২ ভাগ বেশি। প্রস্তাবিত ইস্পাহানি হাইব্রিড ধান১১ (BP-606) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৮.৩৯ টন/হে. ও গড় জীবনকাল ১৪৪ দিন এবং চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ এর গড় ফলন ৭.৭২ টন/হে. ও গড় জীবনকাল ১৪৩দিন। |
| ২.৫ | উইনঅল হাইটেক সীড কোং বাংলাদেশ লিমিটেড প্রস্তাবিত চীন হতে আমদানীকৃত Winall Hi Tech Hybrid dhan10 (Win-902) জাতটি উইনঅল হাইটেক হাইব্রিড ধান১০ (Win-902) হিসেবে চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও রংপুর এই ৪টি অঞ্চলে পাশ করায় সারা দেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল । ০৪ (চার) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (Heterosis) শতকরা ২৩.২৭, ১৭.৩৬, ৭.২৫, ১৩.৩২ ও ২২.০৯, ১৬.৫৭, ১৪.৪৮, ১৬.৮২ ভাগ বেশি। প্রস্তাবিত উইনঅল হাইটেক হাইব্রিড ধান১০ (Win-902) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৮.৮৯ টন/হে. ও গড় জীবনকাল ১৪১ দিন এবং চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ এর গড় ফলন ৭.৭২ টন/হে. ও গড় জীবনকাল ১৪৩দিন। |

| | |
|---|---|
| ২.৬ | উইনঅল হাইটেক সীড কোং বাংলাদেশ লিমিটেড প্রস্তাবিত চীন হতে আমদানীকৃত Winall Hi Tech Hybrid dhan11 (Win-903) জাতটি উইনঅল হাইটেক হাইব্রিড ধান১১ (Win-903) হিসেবে চট্টগ্রাম, খুলনা,রাজশাহী ও রংপুর এই ৪টি অঞ্চলে পাশ করায় সারা দেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল । ০৪ (চার)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (Heterosis) শতকরা ২৩.৭৪, ১৮.০৩, ৫.০০, ১৩.৫২ ও ২২.৫৫, ২০.৯৭, ১০.৭৩, ২১.৬৭ ভাগ বেশি। প্রস্তাবিত উইনঅল হাইটেক হাইব্রিড ধান১১ (Win-903) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৮.৯৪ টন/হে. ও গড় জীবনকাল ১৪৪ দিন এবং চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ এর গড় ফলন ৭.৭২ টন/হে. ও গড় জীবনকাল ১৪৩ দিন। |
| ২.৭ | এসিআই এগ্রোলিংক লিমিটেড প্রস্তাবিত ভারত হতে আমদানীকৃত ACI Agrolink Hybrid dhan1 (INDAM 300-005) জাতটি এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান১ (INDAM 300-005) হিসেবে চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল এই ৪টি অঞ্চলে পাশ করায় সারা দেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৪ (চার)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (Heterosis) শতকরা ২৮.৮৫, ২২.৩৩, ৮.৭৫, ৭.০৫ ও ২৯.১৯, ১৭.৩৭, ২৫.২৮, ৯.৪৬ ভাগ বেশি। প্রস্তাবিত এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান১ (INDAM 300-005) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৮.৪০ টন/হে. ও গড় জীবনকাল ১৪০ দিন এবং চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ এর গড় ফলন ৭.৪৭ টন/হে. টন/হে. ও গড় জীবনকাল ১৪৪ দিন। |
| ২.৮ | আফতাব বহুমুখী ফার্ম লিমিটেড প্রস্তাবিত ভারত হতে আমদানীকৃত Aftab Hybrid dhan1 (RC-01) জাতটি আফতাব হাইব্রিড ধান১ (RC-01) হিসেবে চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল এই ৪টি অঞ্চলে পাশ করায় সারা দেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল । ০৪ (চার)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (Heterosis) শতকরা ২১.৭৯, ১২.৪৭, ১২.৮৭, ৭.২৯ ও ২১.৯০, ১৮.৪৩, ২০.০৬, ২০.৩৪ ভাগ বেশি। প্রস্তাবিত আফতাব হাইব্রিড ধান১ (RC-01) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৮.৭০ টন/হে. ও গড় জীবনকাল ১৪০ দিন এবং চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ এর গড় ফলন ৭.৭২ টন/হে. ও গড় জীবনকাল ১৪৩দিন। |
| ২.৯ | আফতাব বহুমুখী ফার্ম লিমিটেড প্রস্তাবিত ভারত হতে আমদানীকৃত Aftab Hybrid dhan2 (RC-05) জাতটি আফতাব হাইব্রিড ধান২ (RC-05) হিসেবে চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল এই ৪টি অঞ্চলে পাশ করায় সারা দেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল । ০৪ (চার)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (Heterosis) শতকরা ২২.৪৫, ১৯.৯৭, ১৪.০৭, ৭.৮২ ও ২২.৭৪, ১৫.২৬, ১৬.০৫, ১২.০৪ ভাগ বেশি। প্রস্তাবিত আফতাব হাইব্রিড ধান২ (RC-05) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৮.৬৫ টন/হে. ও গড় জীবনকাল ১৪০ দিন এবং চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ এর গড় ফলন ৭.৭২ টন/হে. ও গড় জীবনকাল ১৪৩ দিন। |
| ২.১০ | মিতালী এন্টারপ্রাইজ লিমিটেড প্রস্তাবিত ভারত হতে আমদানীকৃত Mitali Hybrid dhan6 (RAJDHAN 2) জাতটি মিতালী হাইব্রিড ধান৬ (RAJDHAN 2) হিসেবে চট্টগ্রাম, খুলনা,রাজশাহী, ও রংপুর এই ৪টি অঞ্চলে পাশ করায় সারা দেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল । ০৪ (চার)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (Heterosis) শতকরা ২২.৭৬, ২২.৯২, ৬.৩৬, ১৬.৯৯, ও ২২.৮১, ২০.২৪, ৫.০০, ১৭.৬৯ ভাগ বেশি। প্রস্তাবিত মিতালী হাইব্রিড ধান৬ (RAJDHAN 2) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৮.৯১ টন/হে. ও গড় জীবনকাল ১৪৬ দিন এবং চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ এর গড় ফলন ৭.৭২ টন/হে. ও গড় জীবনকাল ১৪৩ দিন। |

| | |
|---|---|
| ২.১১ | সুপ্রীম সীড কোম্পানি লিমিটেড প্রস্তাবিত চীন হতে আমদানীকৃত Supreme Hybrid dhan17 (Hira TJ004) জাতটি সুপ্রীম হাইব্রিড ধান১৭ (Hira TJ004) হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে পাশ করায় অঞ্চল ভিত্তিক চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩টি (তিন)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (Heterosis) শতকরা ৭.২৬, ৮.৯৮, ১১.৭৪ ও ৭.১৮, ৬.৩২, ২১.৪৯ ভাগ বেশি। প্রস্তাবিত সুপ্রীম হাইব্রিড ধান১৭ (Hira TJ004) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৮.৬৩ টন/হে. ও গড় জীবনকাল ১৪০ দিন এবং চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ এর গড় ফলন ৭.৭২ টন/হে. ও গড় জীবনকাল ১৪৩ দিন। |
| ২.১২ | মাহিকো বাংলাদেশ (প্রা.) লিমিটেড প্রস্তাবিত ভারত হতে আমদানীকৃত Mahyco Hybrid dhan6 (MRP5401) জাতটি মাহিকো হাইব্রিড ধান৬ (MRP5401) হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ০৩টি অঞ্চলে পাশ করায় অঞ্চল ভিত্তিক চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (Heterosis) শতকরা ২৫.৬৩, ১০.৫৫, ১২.০৯ ও ২৪.৩৫, ১৫.৩৪, ১৩.২৯ ভাগ বেশি। প্রস্তাবিত মাহিকো হাইব্রিড ধান৬ (MRP5401) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৮.৬৮ টন/হে. ও গড় জীবনকাল ১৪৬ দিন এবং চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ এর গড় ফলন ৭.৭২ টন/হে. ও গড় জীবনকাল ১৪৩ দিন। |
| ২.১৩ | মিতালী এন্টারপ্রাইজ লিমিটেড প্রস্তাবিত ভারত হতে আমদানীকৃত Mitali Hybrid dhan5 (RAJDHAN1) জাতটি মিতালী হাইব্রিড ধান৫ (RAJDHAN1) হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে পাশ করায় অঞ্চল ভিত্তিক চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (Heterosis)শতকরা ২৩.৮৭, ২৮.৪৯, ১৯.৩৬ও ২৩.৯৫,২১.০৬, ১৯.৬৭ ভাগ বেশি। প্রস্তাবিত মিতালী হাইব্রিড ধান৫ (RAJDHAN1) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৯.৫২ টন/হে. ও গড় জীবনকাল ১৪৪ দিন এবং চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ এর গড় ফলন ৭.৭২ টন/হে. ও |

**সিদ্ধান্ত: ২০১৯-২০ ও ২০২০-২১ বোরো মৌসুমে ট্রায়ালকৃত ১৮টি হাইব্রিড জাতের ১ম ও ২য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেক জাত (ব্রি হাইব্রিড ধান৫) এর চেয়ে ৫% হেটারোসিস বেশী হওয়ায় ১০টি জাত (এসিআই হাইব্রিড ধান১২, এসিআই হাইব্রিড ধান১৩, ব্র্যাক হাইব্রিড ধান১৯, ইস্পাহানি হাইব্রিড ধান১১, উইনঅল হাইটেক হাইব্রিড ধান১০, উইনঅল হাইটেক হাইব্রিড ধান১১, এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান১, আফতাব হাইব্রিড ধান১, আফতাব হাইব্রিড ধান২, মিতালী হাইব্রিড ধান৬) সারাদেশে এবং ৩টি জাত (সুপ্রীম হাইব্রিড ধান১৭, মাহিকো হাইব্রিড ধান৬, মিতালী হাইব্রিড ধান৫) অঞ্চলভিত্তিক চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৩: ২০১৯-২০ বোরো মৌসুমের হাইব্রিড ধানের ০৫ (পাঁচ)টি জাতের ফলাফল পুনরায় পর্যালোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণ।**

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম | জাতের নাম | সুপারিশকৃত অঞ্চল | উৎস | গড় ফলন (মে.টন/হে.) চেক জাতের / প্রস্তাবিত জাতের | গড় জীবনকাল (দিন) চেক জাতের / প্রস্তাবিত জাতের | প্রস্তাবিত জাতের বিশেষ বৈশিষ্ট্য |
|---|---|---|---|---|---|---|---|
| 1. | ব্যাগরো কোম্পানি লি. | ব্যাগরো হাইব্রিড ধান২ Projapoti (KPHB02) | চট্টগ্রাম, খুলনা ও রংপুর | ভারত | ৭.২ | ১৪৪ | মোটা ধান |
| | | | | | ৭.৭ | ১৪৫ | |
| 2. | লালতীর সীড লি. | লালতীর হাইব্রিড ধান৩ LTHR-2 | চট্টগ্রাম, খুলনা ও রংপুর | বাংলাদেশ | ৭.২ | ১৪৪ | ধান লম্বা ও মোটা |
| | | | | | ৭.৮ | ১৪২ | |
| 3. | সুপ্রিম সীড কোম্পানি লি. | সুপ্রিম হাইব্রিড ধান১২ (Hira-27, RRX-336) | চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল | ভারত | ৭.২ | ১৪৪ | চিকন ধান |
| | | | | | ৮.১ | ১৪৫ | |
| 4. | ন্যাশনাল এগ্রি কেয়ার ইমপোর্ট এন্ড এক্সপোর্ট লি. | ন্যাশনাল এগ্রিকেয়ার হাইব্রিড ধান৫ (Bango Raj) | চট্টগ্রাম, খুলনা ও রংপুর | চীন | ৭.২ | ১৪৪ | ধান মাঝারি চিকন |
| | | | | | ৮.২ | ১৪২ | |
| 5. | পেট্রোকেম এগ্রো ইন্ডাস্ট্রিজ লি. | পেট্রোকেম হাইব্রিড ধান৫ (Pioneer 27P37) | ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল | ভারত | ৭.২ | ১৪৪ | ধান মাঝারি মোটা |
| | | | | | ৮.২ | ১৫০ | |

জাতীয় বীজ বোর্ডের ১০৫তম সভার আলোচ্য বিষয় (৪) অনুযায়ী বোরো মৌসুমের ১৯টি হাইব্রিড জাতের মধ্যে অবশিষ্ট ৫টি জাত পুনরায় পর্যালোচনার জন্য কারিগরি কমিটিতে প্রেরণ করা হয়। উপরোক্ত ছকে ৫টি জাতের গড় ফলন, জীবনকাল ও বিশেষ বৈশিষ্ট্যসহ অদ্যকার সভায় উপস্থাপন করা হয়।

**সিদ্ধান্ত : হাইব্রিড ধানের হেক্টরপ্রতি ফলন ও জাতের বৈশিষ্ট্য পযালোচনা করে ৫টি হাইব্রিড ধানের জাত সাময়িকভাবে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৪: ২০২০-২১/আমন মৌসুমের হাইব্রিড ধানের ০১ (এক)টি জাতের ফলাফল পুনরায় পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ।**

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম | জাতের নাম | সুপারিশকৃত অঞ্চল | উৎস | গড় ফলন (মে.টন/হে.) চেক জাতের: / প্রস্তাবিত জাতের: | গড় জীবনকাল (দিন) চেক জাতের: / প্রস্তাবিত জাতের: | প্রস্তাবিত জাতের বিশেষ বৈশিষ্ট্য |
|---|---|---|---|---|---|---|---|
| 1. | তিনপাতা কোয়ালিটি সীডস বাংলাদেশ লিমিটেড | তিনপাতা সুপার হাইব্রিড ধান৪ (BP669) | খুলনা,রংপুর ও বরিশাল | চীন | ৪.৬৯ | ১১৬ | ধান মাঝারি চিকন |
| | | | | | ৫.৭৩ | ১১৮ | |

জাতীয় বীজ বোর্ডের ১০৫তম সভার আলোচ্য বিষয় (৩) অনুযায়ী আমন মৌসুমের তিনপাতা কোয়ালিটি সীডস বাংলাদেশ লিমিটেডের তিনপাতা সুপার হাইব্রিড ধান৪ (BP669) জাতটি পুনরায় পর্যালোচনার জন্য কারিগরি কমিটিতে প্রেরণ করা হয়। জাতীয় বীজ বোর্ডের ৭৫তম সভার আলোচ্যসূচী-৫ (ঘ) এর সিদ্ধান্ত অনুযায়ী” হাইব্রিড ধান বীজের বাণিজ্যিক নামকরণ সংশ্লিষ্ট

কোম্পানির নামের সাথে মিল রেখে করতে হবে। এছাড়া বীজের প্যাকেটের গায়ে আমদানীকৃত হাইব্রিড ধান বীজের কোড নাম বা নম্বর উল্লেখ করতে হবে"। তাই উক্ত হাইব্রিড ধানের জাতের বাণিজ্যিক নামকরণ "তিনপাতা হাইব্রিড ধান৪ (BP669)" হিসেবে নিবন্ধনের জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হয়েছে। আলোচনার শুরুতে মো. শাহজাহান আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ সোসাইটি অফ সীড টেকনোলজি ও উপদেষ্টা, বাংলাদেশ সীড এসোসিয়েশন বলেন যে, জাতীয় বীজ বোর্ডের ৭৫তম সভার আলোচ্যসূচী-৫ (ঘ) এর সিদ্ধান্ত অনুযায়ী তিনপাতা কোয়ালিটি সীডস বাংলাদেশ লিমিটেডের তিনপাতা সুপার হাইব্রিড ধান৪ - (BP669) জাতটির নামকরণের ক্ষেত্রে 'সুপার' শব্দটি রাখা যুক্তিসঙ্গত নয় । এ বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত : তিনপাতা কোয়ালিটি সীডস বাংলাদেশ লিমিটেডের তিনপাতা সুপার হাইব্রিড ধান৪ (BP669) জাতটির নাম পরিবর্তন করে "তিনপাতা হাইব্রিড ধান৪ - (BP669)" হিসেবে সাময়িকভাবে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো ।**

**আলোচ্য বিষয় ৫: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ০২ (দুই)টি বোরো মৌসুমের ধানের জাত ছাড়করণ।**

ক) BR8938-19-4-3-1-1-P2-HR3 (ব্রি ধান১০১): ব্রি এর বর্ণনামতে প্রস্তাবিত কৌলিক সারিটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) ধানের ব্যাকটেরিয়াজনিত পোড়া রোগ প্রতিরোধী জাত IRBB60 এবং বোরো মৌসুমের জনপ্রিয় জাত BRRI dhan29 এর সাথে ২০০৭-০৮ সালে সংকরায়ণ করে বংশানুক্রম সিলেকশন এর মাধ্যমে উদ্ভাবিত। ২০১৬-১৭ সালে গবেষণা মাঠে আঞ্চলিক উপযোগীতায় সন্তোষজনক ফলাফল পাওয়ার পর ২০১৭-১৮ এবং পরবর্তীতে ২০১৯-২০ সালে বোরো মৌসুমে দেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে আঞ্চলিক উপযোগিতা যাচাই এবং ২০২০-২১ সালে কৌলিক সারিটি বীজ প্রত্যয়ন এজেন্সীর তত্ত্বাবধানে বাংলাদেশের ১০ (দশ)টি এলাকায় কৃষকের মাঠে মাঠ মূল্যায়ন করা হয়। এ জাতের ডিগপাতা খাড়া, প্রশস্ত ও লম্বা এবং ধানের দানার রং সোনালী রঙের, লম্বাটে চিকন। ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৩.১ গ্রাম, প্রোটিনের পরিমাণ ৯.৮%, অ্যামাইলোজ ২৫.০% ও ভাত ঝরঝরে।

উক্ত জাতটি ২০২০-২১ বোরো মৌসুমে ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল, রাজশাহী, রংপুর, দিনাজপুর, বগুড়া, ফরিদপুর ও খুলনার ১০টি অঞ্চলে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ২টি স্থানে জাতটিতে চেকজাতের চেয়ে ১০% বেশি ফলন পাওয়া গেছে। ১০টি স্থানের মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৭.৭২ টন/হেক্টর ও চেকজাত ব্রি ধান৫৮ এর গড় ফলন ৭.৩৯ টন/হেক্টর এবং জীবনকাল যথাক্রমে ১৪২ দিন ও ১৪৬ দিন যা চেকজাত ব্রি ধান৫৮ থেকে ৪ দিন আগাম। বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস (DUS) টেস্ট সম্পাদন করা হয়। প্রস্তাবিত জাতটিতে Flag leaf: attitude of blade, Panicle: exertion, Grain: length (without dehulling), Leaf senescence, Endosperm: content of amylose, Decorticated unpolished grain: color মোট ৬টি বৈশিষ্ট্যে চেক জাত ব্রি ধান২৮ থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে।

আলোচনার শুরুতে সভাপতি মহোদয় বাংলাদেশ ধান গবেষনা ইনস্টিটিউট( ব্রি) কর্তৃক উদ্ভাবিত বোরো মৌসুমের ২ টি কৌলিক সারি বিষয়ে উপস্থিত সদস্যদের মতামত জানতে চান। এ বিষয়ে জনাব আনোয়ার ফারুক, সাবেক কৃষি সচিব বলেন, "যেহেতু প্রস্তাবিত জাতটির ফলন চেক জাতের চেয়ে বেশী ও চিকন জাত তাই জাতটি ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে ।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, বাংলাদেশে এ পর্যন্ত ব্যাকটেরিয়াজনিত পোড়া/ব্যাকটেরিয়াল ব্লাইট রোগ প্রতিরোধী ইনব্রিড ধানের কোন জাত নেই। প্রস্তাবিত জাতটির মাঠ মূল্যায়ন ফলাফলে ব্যাকটেরিয়াল ব্লাইট রোগ প্রতিরোধী জাত হিসেবে পাওয়া গেছে এবং ফলন বেশি। তাই ইনব্রিড ধানের জাত মূল্যায়ন এবং জাত ছাড়করণ পদ্ধতি'২০১৯ অনুযায়ী প্রস্তাবিত জাতটি বিশেষ গুণসম্পন্ন (ব্যাকটেরিয়াল ব্লাইট রোগ প্রতিরোধী) হওয়ায় জাতটি ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা যেতে পারে। এ বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত : বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত বোরো ধানের ব্যাক্টেরিয়াজনিত পোড়া রোগ প্রতিরোধী কৌলিক সারিটি BR8938-19-4-3-1-1-P2-HR3 বোরো মৌসুমে ব্রি ধান১০১ হিসেবে** ছাড়করণের **জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**খ) IR99285-1-1-1-P2 (ব্রি ধান১০২):** ব্রি ধান১০২ এর কৌলিক সারি IR99285-1-1-1-P2 এবং উক্ত কৌলিক সারিটি আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি), ফিলিপাইনে Multiple cross করে উদ্ভাবন করা হয় যার Parentage, IR 91153-AC 117/IR05F102//IR 68144-2B-2-2-3-1-166/// IR 66/4/NSIC RC 158/NEGRO//BRRI dhan29। বিগত ২০১৪ সালে বাংলাদেশ ধান গবেষণা ইনসিন্টটিউট কর্তৃক উক্ত কৌলিক সারিটি আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট হতে Introduction করা হয়। প্রাপ্ত IR99285-1-1-1P2 কৌলিক সারিটি ব্রি'র গবেষণা মাঠে চার (০৪) বৎসর ফলন পরীক্ষার পর ২০১৮ সালে ব্রি'র আঞ্চলিক কার্যালয় সমূহের মাঠে ও ২০১৯ সালে বাংলাদেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে পরীক্ষা নিরীক্ষা করা হয়। এ জাতের ডিগ পাতা খাড়া, প্রশস্থ ও লম্বা, পাতার রং সবুজ। পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১০৩ সে.মি.। জাতটির গড় জীবনকাল ১৫০ দিন। ১০০০টি পুষ্ট ধানের ওজন গড়ে ২২.৭ গ্রাম। চালের আকার আকৃতি লম্বা চিকন এবং রং সাদা। জিংকের পরিমাণ **২৫.৫** মি.গ্রাম/কেজি, দানায় অ্যামাইলোজের পরিমাণ শতকরা **২৮.০** ভাগ, প্রোটিনের পরিমাণ শতকরা ৭.৫ ভাগ এবং ভাত ঝরঝরে।

উক্ত জাতটি ২০২০-২১ বোরো মৌসুমে ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল, রাজশাহী, রংপুর, দিনাজপুর, বগুড়া, ফরিদপুর ও খুলনার ১০টি অঞ্চলে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ২টি স্থানে জাতটিতে চেকজাতের চেয়ে ১০% বেশি ফলন পাওয়া গেছে। ১০টি স্থানের মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৮.১১ টন/হেক্টর ও চেকজাত ব্রি ধান২৯ এর গড় ফলন ৭.৮৪ টন/হেক্টর এবং জীবনকাল যথাক্রমে ১৫০ দিন ও ১৫২ দিন। বীজ প্রত্যয়ন এজেন্সী'র কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস (DUS) টেস্ট সম্পাদন করা হয়। প্রস্তাবিত জাতটিতে Flag leaf: attitude of blade, Panicle: exertion, Grain: length (without dehulling), Leaf senescence, Endosperm: content of amylose মোট ৫টি বৈশিষ্ট্যে চেক জাত **ব্রি ধান৮১** থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে।

আলোচনার শুরুতে ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, বতমানে দেশে পুষ্টিসমৃদ্ধ নতুন নতুন ধানের জাত ছাড়করণ করা প্রয়োজন এবং প্রস্তাবিত জাতটিতে জিংকের পরিমান ২৫.৫ mg/kg পাওয়া গেছে এবং ফলন বেশি। তাই ইনব্রিড ধানের জাত মূল্যায়ন এবং জাত ছাড়করণ পদ্ধতি'২০১৯ অনুযায়ী প্রস্তাবিত জাতটি বিশেষ গুণসম্পন্ন (জিংক সমৃদ্ধ) হওয়ায় জাতটি ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা যেতে পারে। এ বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত : বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ধানের কৌলিক সারিটি** IR99285-1-1-1-P2 **বোরো মৌসুমে ব্রি ধান১০২ হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৬: বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক প্রস্তাবিত ০১ (এক) টি বোরো মৌসুমের ধানের জাত ছাড়করণ।**

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর বর্ণনামতে বিনা ধান২৫ এর কৌলিক সারি RM(2)-40(C)-4-2-8। এই সারিটি ব্রি ধান২৯ এ কার্বন আয়ন রশ্মি প্রয়োগ করে এর কৌলিক বৈশিষ্ট্যে স্থায়ী পরিবর্তন সাধনের মাধ্যমে RM(2)-40(C)-4-2-৪ মিউট্যান্ট লাইন উদ্ভাবন করা হয়েছে। ২০১৭-১৮ সালে বিনার উপকেন্দ্র সমূহের মাঠে ও কৃষকের মাঠে এবং ২০১৮-১৯ সালে বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে পরীক্ষা-নিরীক্ষা করে চূড়ান্তভাবে নির্বাচন করা হয়। এ জাতটির গাছ লম্বা, ডিগপাতা সরু ও মধ্যম ধরণের। পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১১৬ সে.মি ও গড় জীবনকাল ১৪৫ দিন। ১০০০টি পুষ্ট ধানের ওজন গড়ে ১৯.৭ গ্রাম। ধান ও চাল অতি লম্বা ও সরু, চাল সাদা, দানার আমিষের পরিমাণ ৬.৬ ভাগ। চালে অ্যামাইলোজের পরিমাণ ২৫.১% এবং ভাত সাদা, ঝরঝরে ও সুস্বাদু।

উক্ত জাতটি ২০২০-২১ বোরো মৌসুমে ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল, রাজশাহী, রংপুর, দিনাজপুর, বগুড়া, ফরিদপুর ও খুলনার ১০টি অঞ্চলে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৮টি স্থানে জাতটি চেকজাত ব্রি ধান৫০ থেকে ১০% বেশি ফলন দিয়েছে। ১০টি স্থানের মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৭.৬৪ টন/হেক্টর ও চেকজাত ব্রি ধান৫০এর গড় ফলন ৬.৩৮ টন/হেক্টর এবং জীবনকাল যথাক্রমে ১৪৫ দিন ও ১৪৮ দিন। বীজ প্রত্যয়ন এজেন্সী'র কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস (DUS) টেস্ট সম্পাদন করা হয়। প্রস্তাবিত জাতটিতে Flag leaf: attitude of blade, Culm:diameter, Culm:length, Panicle: exertion, Grain: length (without dehulling) মোট ৫টি বৈশিষ্ট্যে চেক জাত ব্রি ধান৮৬ থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে।

আলোচনার শুরুতে সভাপতি মহোদয় বাংলাদেশ পরমানু কৃষি গবেষনা ইনস্টিটিউট( বিনা) কর্তৃক উদ্ভাবিত বোরো মৌসুমের কৌলিক সারিটির বিষয়ে উপস্থিত সদস্যদের মতামত জানতে চান। আলোচনার শুরুতে ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, প্রস্তাবিত বিনা ধান২৫ জাতটি প্রিমিয়াম কোয়ালিটি সম্পন্ন, ফলন বেশি এবং সারাদেশে প্রিমিয়াম কোয়ালিটি সম্পন্ন জাতের চাহিদা থাকায় জাতটি ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা যেতে পারে। এ বিষয়ে জনাব আনোয়ার ফারুক, সাবেক কৃষি সচিব বলেন,য প্রস্তাবিত জাতটিতে এ্যামাইলোজের পরিমান বেশী, ফাইন কোয়ালিটি ও গড় ফলন চেক জাতের চেয়ে বেশী। ফলে জাতটি ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে। এ বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত : বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক উদ্ভাবিত বোরো ধানের কৌলিক সারিটি RM(2)-40(C)-4-2-8 বিনা ধান২৫ হিসেবে বোরো মৌসুমে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৭: ব্র্যাক কর্তৃক প্রস্তাবিত ০১ (এক)টি বোরো মৌসুমের ধানের জাত ছাড়করণ।**

ব্র্যাক এর বর্ণনামতে ব্র্যাক ধান২- সুগন্ধা জাতটি “ব্র্যাক ধান২” জাতটি (বিজি ০০৩) BG 003 এবং BG 026 (বিজি ০২৬) এর মধ্যে সংকরায়নের মাধ্যমে এবং কৌলিক বাছাই (Pedigree Selection) পদ্ধতিতে BARDC-326-7-14-7-6-OP উদ্ভাবিত হয়। ব্র্যাক কৃষি গবেষণা ও উন্নয়ন কেন্দ্রে উক্ত কৌলিক গবেষণা কার্যক্রম ২০১২-১৩ সন থেকে শুরু হয় এবং মাঠ পর্যায়ে পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে চুড়ান্তভাবে নির্বাচন করা হয়। ১০০০টি পুষ্ট দানার ওজন গড়ে ১৬.২ গ্রাম। ধানের দানা চিকন ও সুগন্ধ বিদ্যমান, চালে অ্যামাইলোজের পরিমাণ ২৩.৪%ও প্রোটিনের পরিমাণ ৮.৯৬% । এ জাতটি বিঘা প্রতি ২৪-২৬ মন ফলন দিতে সক্ষম।

উক্ত জাতটি ২০২০-২১ বোরো মৌসুমে ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল, রাজশাহী, রংপুর, দিনাজপুর, বগুড়া, ফরিদপুর ও খুলনার ১০টি অঞ্চলে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৮টি স্থানে জাতটিতে চেকজাত ব্রি ধান৫০ থেকে ১০% বেশি ফলন পাওয়া গেছে। ১০টি স্থানের মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৭.৩৬ টন/হেক্টর ও চেকজাত ব্রি ধান৫০ এর গড় ফলন ৬.৩৮ টন/হেক্টর এবং জীবনকাল যথাক্রমে ১৩৯ দিন ও ১৪৮ দিন। বীজ প্রত্যয়ন এজেন্সী'র কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস (DUS) টেস্ট সম্পাদন করা হয়। প্রস্তাবিত জাতটিতে Flag leaf: attitude of blade, Time of heading, Culm:diameter, Culm:length, Panicle length, Panicle:number of effective tillers in plant, Panicle: awn in spikelet, Panicle: exertion, Time of maturity, Grain length (without dehulling), Spikelet:sterile lemma length, Decorticated grain:length (after dehulling), Leaf senescence, Endosperm: content of amylose মোট ১৪টি বৈশিষ্ট্যে চেক জাত ব্রি ধান৫০ থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে।

আলোচনার শুরুতে সভাপতি মহোদয় ব্র্যাক কর্তৃক উদ্ভাবিত কৌলিক সারিটির বিষয়ে উপস্থিত সদস্যদের মতামত জানতে চান। আলোচনার শুরুতে জনাব আবদুর রাজ্জাক ,পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন, প্রস্তাবিত **ব্র্যাক ধান২** এর ফলন ৮টি স্থানে চেকজাত ব্রিধান৫০ থেকে ১০% বেশী পাওয়া গেছে। এ বিষয়ে জনাব আনোয়ার ফারুক, সাবেক কৃষি সচিব বলেন, প্রস্তাবিত জাতটি প্রিমিয়াম কোয়ালিটি রাইস ও সুগন্ধী জাত। বোরো মৌসুমে প্রিমিয়াম কোয়ালিটি রাইস এর প্রয়োজন। প্রাইভেট সেক্টর থেকে ভালো কোয়ালিটির রাইস এসেছে যা প্রশংসার দাবিদার এবং জাতটি ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে। ড. মির্জা মোফাজ্জল ইসলাম, মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) বলেন, প্রস্তাবিত জাতটির অ্যামাইলোজের পরিমাণ জানতে চান। এ প্রেক্ষিতে ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, ইনব্রিড ধানের জাত মূল্যায়ন এবং জাত ছাড়করণ পদ্ধতি'২০১৯ অনুযায়ী সুগন্ধি ধানের জাত ছাড়করণের ক্ষেত্রে অ্যামাইলোজের পরিমাণ শতকরা ২৩ বিদ্যমান থাকতে হবে। এ ক্ষেত্রে প্রস্তাবিত জাতের চালে অ্যামাইলোজের পরিমাণ শতকরা ২৩.৪, চাল চিকন ও সুগন্ধ বিদ্যমান এবং আগাম প্রকৃতির হওয়ায় জাতটি ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা যেতে পারে। এ বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত : ব্র্যাক কর্তৃক প্রস্তাবিত বোরো ধানের কৌলিক সারিটি BARDC-326-7-14-7-6-OP ব্র্যাক ধান২ হিসেবে বোরো মৌসুমে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো ।**

**আলোচ্য বিষয় ৮: হাইব্রিড ধানের জাতমূল্যায়নে চেকজাত ও ফলন পার্থক্যের শতকরা হার নির্ধারণ এবং চেকজাত ও প্রস্তাবিত জাতের ফলন, জীবনকাল ও বিশেষ বৈশিষ্ট্য ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করে একটি পূর্ণাঙ্গ হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন পদ্ধতির প্রস্তাবনা।**

৯০তম জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর সুপারিশের প্রেক্ষিতে জাতীয় বীজ বোর্ডের ৯৫তম সভায় আলোচ্য বিষয়-২ এ সিদ্ধান্ত হয় যে, হাইব্রিড ধানের জাত চেক জাত হিসেবে ব্যবহৃত হলে অবশ্যই প্রস্তাবিত হাইব্রিড ধানের ফলন চেক জাত হতে heterosis এর পরিমাণ কমপক্ষে ১০% বেশি থাকতে হবে। পরবর্তীতে জাতীয় বীজ বোর্ড এর ১০০তম সভায় চেক জাতের সাথে প্রস্তাবিত জাতের ট্রায়ালে ৫% এর বেশি ফলন হলে তা নিবন্ধনের সিদ্ধান্ত হয়। বর্তমানে ৫% heterosis এর ফলে নিম্ন ফলনশীল হাইব্রিড জাত নিবন্ধিত হচ্ছে।

আলোচনার শুরুতে সভাপতি মহোদয় এ বিষয়ে উপস্থিত সদস্যদের মতামত জানতে চান। এ প্রেক্ষিতে সভাপতি মহোদয় বলেন, বিদ্যমান জাতয়ি বজি বোর্ডের কারিগরি কমিটির ১০০ তম সভায় গঠিত উপ-কমিটিকে কত% হেটেরসিস হলে হাইব্রিড নিবন্ধন হবে তা নির্ধারণের জন্য সুপারিশ করতে বলা হয় এবং কারিগরি কমিটির ১০১তম সভায় আলোচনার ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করে অনুমোদনের নিমিত্তে জাতীয় বীজ বোর্ডে প্রেরণর সুপারিশ করা হয়।

১। বোরো ২০২০-২১ মৌসুমে হাইব্রিড (F1) এর ফলন চেক জাত (ব্রি হাইব্রিড ধান৫) এর চেয়ে ৮% বেশি হলে হাইব্রিড জাত হিসেবে নিবন্ধন করা।

২। পরবর্তী মৌসুমগুলোতে গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত সর্বোচ্চ ফলনশীল মৌসুমভিত্তিক ইনব্রিড জাতকে চেক জাত হিসেবে ব্যবহার করা এবং এর ফলন চেক জাত এর চেয়ে ২০% বেশি হলে হাইব্রিড জাত হিসেবে নিবন্ধন করা।

তিনি আরো বলেন, হাইব্রিডকে হাইব্রিড দিয়ে চেক দিতে হবে এবং ৮% বেশী হেটেরসিস হলে হাইব্রিড নিবন্ধনের সুপারিশ করা যেতে পারে। এ বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমতে পৌছান।

**সিদ্ধান্ত: হাইব্রিড ধানের জাত নিবন্ধনের ক্ষেত্রে চেকজাত হিসেবে হাইব্রিড ধানের জাত নির্বাচন ও ফলন চেক জাতের চেয়ে ৮% বেশী হলে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৯ বিবিধ:**

**(ক) জাতীয় বীজ বোর্ডের ১০৫তম সভায় নিবন্ধিত লালতীর সিড লিঃ এর একটি হাইব্রিড জাতের উৎস দেশের নাম সংশোধন:**

জাতীয় বীজ বোর্ডের ১০৫তম সভায় লালতীর সিড লিঃ এর লালতীর হাইব্রিড ধান৪ জাতটি নিবন্ধনের সিদ্ধান্ত গৃহীত হয়। জাতীয় বীজ বোর্ডের ১০৫তম সভার কার্যবিবরণীতে জাতটির উৎস দেশ চীনের পরিবর্তে ভারত উল্লেখ রয়েছে। উৎস দেশের নাম সংশোধনের বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

আলোচনার শুরুতে সভাপতি মহোদয় এ বিষয়ে উপস্থিত সদস্যদের মতামত জানতে চান। লালতীর হাইব্রিড ধান৪ জাতটির উৎসদেশ ভারতের পরিবর্তে চীন লিখে সংশোধন করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্ত: লালতীর হাইব্রিড ধান৪ জাতটির উৎসদেশ ভারতের পরিবর্তে চীন লিখে সংশোধন করার জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**খ) 'তিনপাতা সুপার হাইব্রিড ৫'(BP-672) এর নামের সংশোধন প্রসঙ্গে:**

জাতীয় বীজ বোর্ডের ১০৫তম সভায় তিনপাতা কোয়ালিটি সীডস বাংলাদেশ লিমিটেডের প্রস্তাবিত হাইব্রিড ধানের জাত 'তিনপাতা সুপার হাইব্রিড ৫'(BP-672) হিসেবে নিবন্ধিত হয়েছে। উক্ত হাইব্রিড ধানের জাতের গড় ফলন ৬.১০ মে.টন/হে: এবং গড় জীবনকাল ১১৯ দিন। উল্লেখ্য যে, জাতীয় বীজ বোর্ডের ৭৫তম সভার আলোচ্যসূচী-৫ (ঘ) এর সিদ্ধান্ত অনুযায়ী "হাইব্রিড ধান বীজের বাণিজ্যিক নামকরণ সংশ্লিষ্ট কোম্পানির নামের সাথে মিল রেখে করতে হবে। এছাড়া বীজের প্যাকেটের গায়ে আমদানীকৃত হাইব্রিড ধান বীজের কোড নাম বা নম্বর উল্লেখ করতে হবে"। তাই উক্ত হাইব্রিড ধানের জাতের বাণিজ্যিক নামকরণ "তিনপাতা হাইব্রিড ধান৫ (BP-672)" হিসেবে নিবন্ধনের জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হলো।

**সিদ্ধান্ত : তিনপাতা কোয়ালিটি সীডস বাংলাদেশ লিমিটেডের তিনপাতা সুপার হাইব্রিড ধান৫ (BP-672) জাতটির নাম পরিবর্তন করে "তিনপাতা হাইব্রিড ধান৫ - (BP-672)" হিসেবে সাময়িকভাবে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**গ) নিম্ন উৎপাদনশীল ধান ও গম জাত প্রত্যাহারের জন্য জাত পরীক্ষণ কর্মসূচি'র আওতায় ট্রায়াল বাস্তবায়নে গতিশীলতা আনয়ন**

নিম্ন উৎপাদনশীল ধান ও গম জাত প্রত্যাহারের জন্য জাত পরীক্ষণ কর্মসূচি'র আওতায় দেশের ৭টি অঞ্চলের ৭টি জেলায় আউশ মৌসুমে ১০টি জাতের ট্রায়াল বাস্তবায়ন করা হয়েছে। ট্রায়াল রিপোর্ট এ মাঠমূল্যায়ন দলের ৭জন সদস্যের স্বাক্ষর প্রয়োজন হয়। কিন্তু

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের উর্ধ্বতন কর্তৃপক্ষের নিষেধাজ্ঞার কারণে মাঠ মূল্যায়ন দলে অবস্থিত ব্রি'র সদস্যগণ সিলেট, চট্টগ্রাম ও রাজশাহী অঞ্চলে মাঠ মূল্যায়ন রিপোর্ট স্বাক্ষর করতে অপারগতা জানায়। ফলে কর্মসূচির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে সমস্যার সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে কমিটি বিশদ আলোচনা করে।

**সিদ্ধান্ত : নিম্ন উৎপাদনশীল ধান ও গম জাত প্রত্যাহারের জন্য জাত পরীক্ষণ কর্মসূচি'র আওতায় ট্রায়াল বাস্তবায়নে গতিশীলতা আনয়ন এবং বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটসহ সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।**

**(ঘ) পাটের জাত মূল্যায়ন ও ছাড়করণের পদ্ধতি প্রস্তুতকরণ বিষয়ক সভা:**

জাতীয় বীজ বোর্ডের ১০৫ তম সভার বিবিধ আলোচনা-৮ এর সিদ্ধান্ত অনুযায়ী পাটের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতির খসড়া গাইডলাইন প্রনয়নের নিমিত্তে গঠিত উপকমিটির সদস্যদের অংশগ্রহনে জুম প্লাটফর্মে ২, সেপ্টেম্বর, ২০২১ তারিখে একটি প্রাথমিক সভা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে আরো বিশদ আলোচনার জন্য প্রয়োজনীয় সংখ্যক সভার আয়োজন করার পক্ষে কমিটির সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত : পাটের জাত মূল্যায়ন ও ছাড়করণের পদ্ধতি প্রস্তুতকরণ বিষয়ে উপ-কমিটি প্রয়োজনীয় সংখ্যক সভার আয়োজন করে পাটের জাত মূল্যায়ন ও ছাড়কণের পদ্ধতি প্রস্তুত করে প্রাথমিক নীতিমালা তৈরী করত যথাসম্ভব দ্রত সময়ে টেকনিক্যাল কমিটির নিকট পেস করবেন।**

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

০৫/০১/২০২২

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট
ও সভাপতি
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি ।